

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর

আগারগাঁও, শেরে বাংলা নগর

ঢাকা-১২০৭।

www.lged.gov.bd



“শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি”


স্মারক নং-৪৬.০২.০০০০.০০১.১৮.১২৪.১৭-৭৯৯২

তারিখ: ০২.১১.২০২০ খ্রিঃ

বিষয়: স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের সুপারিশ ও টেলিফোন নির্দেশনা/অনুরোধ সম্পর্কে
যাচাইয়াত্তে ব্যবস্থা গ্রহণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে সাম্প্রতিক সময়ে লক্ষ্য করা যাচ্ছে যে, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী মহোদয়ের দপ্তরের নাম ব্যবহার করে বিবিধ বিষয়ে ভূয়া ও মিথ্যা সুপারিশকৃত আবেদন নিয়ে এলজিইডি'র বিভিন্ন দপ্তরে তদবির ও চাপ প্রয়োগ করা হচ্ছে। এছাড়াও মাননীয় মন্ত্রী মহোদয়ের আত্মীয় পরিচয় দিয়ে এবং একান্ত সচিব/সহকারী একান্ত সচিবের নাম ব্যবহার করে মোবাইল ফোনের মাধ্যমেও বিভিন্ন তদবির ও সুপারিশ করা হচ্ছে। এতদ্বিষয়ে মাননীয় মন্ত্রী মহোদয় গভীর উদ্বেগ প্রকাশ করেছেন এবং যাচাই ছাড়া কোন ব্যবস্থা গ্রহণ না করার জন্য সদয় নির্দেশনা দিয়েছেন।

এমতাবস্থায়, বিষয়টি অত্যন্ত স্পর্শকাতর হওয়ায় এতদসংক্রান্ত যে কোন সুপারিশ বা মোবাইল ফোনে তদবিরের বিষয়ে কোন কার্যক্রম গ্রহণের পূর্বে এলজিইডি'র প্রশাসন শাখা/উর্ধ্বতন কর্তৃপক্ষকে অবহিত করতঃ পরবর্তী ব্যবস্থা গ্রহণের জন্য এলজিইডি'র সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো।


(মোঃ আব্দুর রশীদ খান)
প্রধান প্রকৌশলী
ফোনঃ ০২-৫৮১৫২৮০২
E-mail: ce@lged.gov.bd

বিতরণ: (অবগতির জন্য)

- ১। মাননীয় মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়। মাননীয় মন্ত্রী মহোদয়ের সদয় জ্ঞাতার্থে।
- ২। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। সিনিয়র সচিব মহোদয়ের সদয় জ্ঞাতার্থে।

বিতরণ: (অবগতি ও কার্যার্থে)

- ১। অতিরিক্ত প্রধান প্রকৌশলী, এলজিইডি, সদর দপ্তর/বিভাগ (সকল)।
- ২। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, এলজিইডি, সদর দপ্তর/অঞ্চল (সকল)।
- ৩। নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, জেলা: -----।